

ফতওয়া নং ৩৮১

প্রশ্ন:

আকাশের পানিতে চাষ করলে কি তার উপর যাকাত ফরজ, যদি সে নেসাব পরিমাণ সম্পদের মালিক নাও হয়! নগদ অর্থ বা গহনার যাকাত এবং ফসলের যাকাত কি আলাদা? একটু বিস্তারিত জানাবেন

উত্তর:

জমি উশরী হলে তবেই ফসলের যাকাত আবশ্যিক হয়। আর সোনা, রূপা ও টাকার যাকাত নেসাব পরিমাণ সম্পদের মালিক না হলে আবশ্যিক নয়। নেসাব পরিমাণ সম্পদের মালিক হলে তবেই বছরান্তে যাকাত আবশ্যিক হয়। অর্থাৎ

* যদি কারও নিকট শুধু সোনা থাকে- রূপা, টাকা-পয়সা ও ব্যবসায়িক পণ্য কিছুই না থাকে, তাহলে সাড়ে সাত তোলা (৮৭ গ্রাম ৪৮০ মিলিগ্রাম) বা তার বেশী (সোনা) থাকলে বৎসরান্তে তার উপর যাকাত ফরয হয়।

* যদি কারও নিকট শুধু রূপা থাকে- সোনা, টাকা-পয়সা ও ব্যবসায়িক পণ্য কিছুই না থাকে, তাহলে সাড়ে বায়ান্ন তোলা অর্থাৎ ৬১২ গ্রাম ৩৬০ মিলিগ্রাম (রূপা) থাকলে বৎসরান্তে তার উপর যাকাত ফরয হয়।

* যদি কারও নিকট কিছু সোনা থাকে এবং তার সাথে কিছু রূপা বা কিছু টাকা-পয়সা বা কিছু ব্যবসায়িক পণ্য থাকে তাহলে এ ক্ষেত্রে সোনার সাড়ে সাত তোলা বা রূপার সাড়ে বায়ান্ন তোলা দেখা হবে না বরং সোনা, রূপা এবং টাকা-পয়সা ও ব্যবসায়িক পণ্য যা কিছু আছে সবটা মিলে যদি সাড়ে সাত তোলা সোনা বা সাড়ে বায়ান্ন তোলা রূপার যে কোন একটার মূল্যের সমপরিমাণ হয়ে যায়, তাহলে (বৎসরান্তে) তার উপর যাকাত ফরয হবে।

- যদি কারও নিকট শুধু টাকা-পয়সা থাকে-সোনা, রূপা ও ব্যবসায়িক পণ্য কিছু না থাকে, তাহলে সাড়ে সাত তোলা সোনা বা সাড়ে বায়ান্ন তোলা রূপার যে কোন একটার মূল্যের সমপরিমাণ (টাকা-পয়সা) থাকলে বৎসরান্তে তার উপর যাকাত ফরয হবে।

* কারও নিকট সোনা, রূপা ও টাকা-পয়সা কিছুই নেই শুধু ব্যবসায়িক পণ্য রয়েছে, তাহলে উপরোক্ত পরিমাণ সোনা বা রূপার যে কোন একটার মূল্যের সমপরিমাণ থাকলে বৎসরান্তে তার উপর যাকাত ফরয হবে।

* কারও নিকট সোনা, রূপা নেই শুধু টাকা-পয়সা ও ব্যবসায়িক পণ্য রয়েছে, তাহলে টাকা-পয়সা ও ব্যবসায়িক পণ্যের মূল্য মিলিয়ে যদি উক্ত পরিমাণ সোনা বা রূপার যে

কোন একটার মূল্যের সমপরিমাণ হয় তাহলে বৎসরান্তে তার উপর যাকাত ফরয হবে।
(আহকামে যিন্দেগী ২৬০-২৬১, ফাতাওয়া ক্বাসিমিয়া ১০/৩৮৪)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।
২৪ যুল ক'দাহ, ১৪৪৫ হিজরী (01/06/2024)